

নির্বাচনি পরীক্ষা পূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন-২

শ্রেণি: দ্বাদশ

বিষয়: ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র (সৃজনশীল)

বিষয় কোড- ২৯৩

সময়: ৪৫ মিনিট

পূর্ণমান: ২০

১. জনাব রিয়াজুল তার ঝুঁকিবহুল কারখানাটির জন্য X বিমা কোম্পানি ও Y বিমা কোম্পানি নামে দুটি বিমা কোম্পানির সঙ্গে সমান অঙ্কে মোট ২০ লক্ষ টাকার পৃথক পৃথক দুটি বিমা চুক্তি করেন। দুর্ঘটনায় কারখানাটির ১০ লক্ষ টাকা ক্ষতি হলে X বিমা কোম্পানি জনাব রিয়াজুলের দাবিকৃত অর্থ ক্ষতিপূরণ করে। পরবর্তীতে X বিমা কোম্পানি Y বিমা কোম্পানির নিকট ক্ষতিপূরণের অংশ দাবি করে।

- ক) পুনঃস্থাপন বিমাপত্র কী? ১
খ) অগ্নিজনিত নৈতিক ঝুঁকি বলতে কী বোঝায়? ২
গ) উদ্দীপকের জনাব রিয়াজুল দুটি বিমা কোম্পানির সঙ্গে কোন ধরনের বিমা চুক্তি করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ) উদ্দীপকে উল্লিখিত X বিমা কোম্পানি যে নীতির আলোকে Y বিমা কোম্পানির নিকট ক্ষতিপূরণ দাবি করে তার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

২. সানমুন নামে একটি জাহাজ ২১ জানুয়ারি ২০১৯ চট্টগ্রাম বন্দর থেকে ছেড়ে যাবে বলে নৌ-বিমার চুক্তিপত্রে লেখা ছিল। কিন্তু কোনো এক কারণে জাহাজটি ২৩ জানুয়ারি ২০১৯ যাত্রা করে। তারপর জাহাজের ক্যাপ্টেন নিজের ইচ্ছানুযায়ী যাত্রাপথ পরিবর্তন করে। চলতে চলতে এক পর্যায়ে সমুদ্রের গভীরে থাকা একটি হিমবাহতে ধাক্কা লেগে জাহাজটি ক্ষতিগ্রস্ত হয়। এরপর বিমা কোম্পানির নিকট ক্ষতিপূরণ দাবি করলে বিমা কোম্পানি তা পরিশোধ করতে অপরাগতা প্রকাশ করে।

- ক) জাহাজ বিমা কী? ১
খ) সমুদ্রে পণ্য নিষ্ক্ষেপণ কেন করা হয়? ২
গ) সানমুন নামে জাহাজটিকে কোন ধরনের নৌ বিপদ মোকাবিলা করতে হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ) বিমা কোম্পানিটি বিমা দাবি প্রত্যাখানের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪